

## সংবাদ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু ইন্টারন্যাশনাল সাইবার সিকিউরিটি অ্যাওয়ারেনেস অ্যাওয়ার্ড-২০২৩ অর্জন করল বিটিআরসি

ঢাকা, ১৯ অক্টোবর, ২০২৩।

সামাজিক যোগাযোগমাধ্যম মাধ্যমে গুজব, অপতথ্য প্রতিরোধ ও ক্ষতিকর কনটেন্ট অপসারণ, অপরাধী সনাক্তে আইন প্রয়োগকারী সংস্থাসমূহকে সহযোগিতা, অনলাইন জুয়া ও পর্নসাইট বন্ধ এবং সাইবার সুরক্ষায় অনবদ্য ভূমিকা রাখায় বঙ্গবন্ধু ইন্টারন্যাশনাল সাইবার সিকিউরিটি অ্যাওয়ারেনেস অ্যাওয়ার্ড-২০২৩ অর্জন করেছে বিটিআরসি। মোট পাঁচটি ক্যাটাগরির মধ্যে সরকারি ক্যাটাগরিতে পুরস্কার অর্জন করে বিটিআরসি'র ডিজিটাল সিকিউরিটি সেল। বৃহস্পতিবার সকালে রাজধানীর হোটেল রেডিসন রু ঢাকা ওয়াটার গার্ডেনে বিটিআরসির পক্ষে পুরস্কার গ্রহণ করেন কমিশনের চেয়ারম্যান (সিনিয়র সচিব) জনাব শ্যাম সুন্দর সিকদার, বিটিআরসির সাবেক মহাপরিচালক মেজর জেনারেল মোঃ নাসিম পারভেজ ও ডিজিটাল নিরাপত্তা সেলের কর্মকর্তাগণ।

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, ডিজিটাল নিরাপত্তা এজেন্সির উদ্যোগে এবং ইউএনডিপি'র সহযোগিতায় বাংলাদেশ প্রথমবারের মত “বঙ্গবন্ধু ইন্টারন্যাশনাল সাইবার সিকিউরিটি অ্যাওয়ারেনেস অ্যাওয়ার্ড ২০২৩” চালু করেছে। স্বল্পোন্নত দেশগুলোর প্রতি বিশেষ গুরুত্ব দিয়ে বিশ্বব্যাপী ব্যক্তি ও প্রতিষ্ঠানকে স্বীকৃতি দেওয়া এবং সাইবার নিরাপত্তা সচেতনতার উদ্ভাবনী উদ্যোগ গ্রহণে উৎসাহিত করার লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে এই পুরস্কারের নামকরণ করা হয়েছে।

পুরস্কারপ্রাপ্ত পাঁচটি ক্যাটাগরি হলো: (১) শিক্ষার্থীদের জন্য সাইবার নিরাপত্তা সচেতনতা এবং শিক্ষা অ্যাওয়ার্ড (২) উদ্যোক্তাদের জন্য সাইবার নিরাপত্তা উদ্ভাবনী পুরস্কার (৩) সরকারি কর্মকর্তা, জনসেবা প্রদানকারী/পেশাজীবীদের জন্য সাইবার নিরাপত্তা নেতৃত্ব পুরস্কার (৪) স্মার্ট পিতা মাতার জন্য সাইবার নিরাপত্তা পুরস্কার (৫) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সাইবার নিরাপত্তা সচেতনতা বিশেষ স্বীকৃতি পুরস্কার।

পুরস্কার অর্জন উপলক্ষে বৃহস্পতিবার দুপুরে বিটিআরসির প্রধান সম্মেলন কক্ষে কমিশনের চেয়ারম্যান (সিনিয়র সচিব) জনাব শ্যাম সুন্দর সিকদার এর সভাপতিত্বে কমিশনের বিভিন্ন কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। কমিশন সচিব জনাব মোঃ নূরুল হাফিজ এর সঞ্চালনায় সভায় বক্তব্য প্রদান করেন ভাইস-চেয়ারম্যান প্রকৌঃ মোঃ মহিউদ্দিন আহমেদ, লিগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগের কমিশনার আবু সৈয়দ দিলজার হোসেন, স্পেকট্রাম বিভাগের কমিশনার প্রকৌঃ শেখ রিয়াজ আহমেদ, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগের কমিশনার ড. মুশফিক মাম্মান চৌধুরী, বিটিআরসির সাবেক মহাপরিচালক মেজর জেনারেল মোঃ নাসিম পারভেজ, স্পেকট্রাম বিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ মনিরুজ্জামান জুয়েল, প্রশাসন বিভাগের মহাপরিচালক জনাব আবদুল্লাহ আল মামুন এবং সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ খলিল-উর-রহমান। এছাড়া, অন্যান্যদের মধ্যে কমিশনের পরিচালক, উপ-পরিচালক, সিনিয়র সহকারী পরিচালক ও সহকারী পরিচালকগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ২০২১ সালে বিটিআরসি কর্তৃক ডিজিটাল সিকিউরিটি সেল গঠন করার পর গত তিন বছরে গুজব ও অপতথ্য সংক্রান্ত প্রায় ৩৫ হাজারে কনটেন্ট অপসারণ করা হয়। এছাড়া, গত ১ বছরে ১৬০০ অনলাইন জুয়ার সাইট এবং ৫৮টি মোবাইল অ্যাপস বন্ধ করা হয়।


### প্রাপক (সদয় কার্যার্থে):

- ১। উপ-মহাপরিচালক (বার্তা)  
বাংলাদেশ টেলিভিশন এবং
- ২। সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;  
হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর/অ্যাসাইনমেন্ট এডিটর;  
বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;  
অনলাইন নিউজ পোর্টাল, ঢাকা, বাংলাদেশ।

### বিতরণ (সদয় অবগতির জন্য):

- ১। মহাপরিচালক (সিস্টেমস এন্ড সার্ভিসেস), বিটিআরসি।
- ২। সচিব, বিটিআরসি।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৪। ভাইস চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৫। অফিস কপি।

অনুরোধক্রমে

  
মোঃ জাকির হোসেন খান  
উপ-পরিচালক  
(মিডিয়া কমিউ: এন্ড পাব: উইং)  
বিটিআরসি।

যোগাযোগঃ ০২৫৫২২০২৮৪০  
zakirkhan@btrc.gov.bd